

## খুলনা ভাসিটির অর্ধ শতাধিক শিক্ষক ছুটিতে

এ টি এম রফিক : রাজনীতি বিবর্তিত ও সেশনজট মুক্ত খুলনা বিশ্ববিদ্যালয়ে অর্ধ শতাধিক শিক্ষক-শিক্ষিকা শিক্ষা ছুটিতে থাকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান কার্যক্রমে সার্বিক অচলাবস্থা দেখা দিয়েছে। বাংলাদেশের ঐতিহ্যবাহী এ শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে এত শিক্ষককে একসাথে শিক্ষা ছুটি ভোগ করা একটি নমিগ্রবিহীন ঘটনা। ফলে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম

বহুলাংশে বাধাগ্রস্ত হচ্ছে।

অনুসন্धानে দেখা গেছে, ২০০৫ সালে খুলনা বিশ্ববিদ্যালয়ের ১৬টি ডিসিপ্রিনের ২৫৪ জন শিক্ষক-শিক্ষিকার মধ্যে ৭৩ জনই এ ছুটি ভোগ করছেন। কোন কোন ডিসিপ্রিনের ১০ জন শিক্ষক পর্যন্ত ছুটিতে রয়েছেন।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে ৮ জন, বায়োটেকনোলজি বিভাগে ৯ জন, কম্পিউটার সায়েন্স বিভাগে ৯ জন,

ইলেকট্রনিক্স বিভাগে ৫ জন, ফরেস্ট্রি এন্ড উড বিভাগে ১০ জন, নেরিন ফিশারিগ বিভাগে ৭ জন, ফার্মেসী বিভাগে ৬ জন, আরবান রুরাল বিভাগে ৬ জন, ইংরেজী বিভাগে সায়েন্স বিভাগে ১ জন, এগ্রোটেকনোলজি বিভাগে ম্যাকমেটির বিভাগে ১০ জন শিক্ষা ছুটিতে রয়েছেন। এ তালিকায় সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক এবং প্রভাষক রয়েছেন। এছাড়া আরো ৫ জন শিক্ষক দিয়েই অন্যত্র কাজ করছেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের সুনাম শুধু দেশেই নয়, বাইরের দেশগুলোতে রয়েছে। এমন একটি প্রতিষ্ঠানের প্রায় এক-তৃতীয়াংশ শিক্ষক যদি শিক্ষা ছুটিতে অনুপস্থিত থাকেন তবে নিচর তা প্রতিষ্ঠানটির সুনামের প্রতি হুমকিরূপ যেমন তেমনি ছাত্র-ছাত্রীরাও অসুবিধার সম্মুখীন। উচ্চ শিক্ষার্থে শিক্ষকদের দেশের বাইরে যাওয়াটা খুব স্বাভাবিক হলেও খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা কার্যক্রমের স্বার্থে এ বিষয়টি গভীরভাবে একবার ভেবে দেখার অবকাশ আছে বৈকি!